4

তারিখ ...08 SEP 1988
পৃষ্ঠা... ৭... কলাম... 2

দৈনিক খবর



আন্তর্জাতিক সাক্ষরতা দিবস আজ। এরকম অগণন শিশুর শিক্ষার ব্যবস্থা করার অঙ্গীকারে দিবসটি পালিত হচ্ছে ——— খবর

# সাক্ষরতা দিবস উপলক্ষে আলোচনা সভা

।।স্টাফ রিপোর্টার।।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন উপলক্ষে গতকাল বৃহস্পতিবার বিভিন্ন সংগঠন আলোচনা সভার আয়োজন করে। সভায় বক্তাগণ বলেন, শিক্ষাকে নিয়ে গভীর ষড়যন্ত্র চলছে।

সভাপতিত্ব করেন পরিষদের চেয়ারম্যান গোলাম কাদের। আলোচনায় অংশগ্রহণ করে শেখ নুরুল ইসলাম, সৈয়দ তাজ উসশফি, আশরাফ আলম, মিজান রহমান, নাজির ইসলাম খোকন।

পরিষদের চেয়ারম্যান গোলাম কাদের তার বক্তব্যে বলেন–শিক্ষাকে নিয়ে ষড়যন্ত্র চলছে। পঞ্চম শ্রেণী পর্যন্ত বাধ্যতামূলক শিক্ষার ব্যবস্থা করা এবং বিনামূল্যে শিক্ষা উপকরণ দিয়ে শিক্ষানীতি বাস্তবায়ন না করা পর্যন্ত কোন কর্মসূচীই সফল হবে না বলে তিনি উল্লেখকরেন।

শেখ বোরহানুদ্দিন কলেজ মিলনায়তনে গতকাল এক আলোচনা সভার আয়োজন করে। আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ।

নিরক্ষরতাকে জাতীয় উন্নতি ও অগ্রগতির প্রধান অন্তরায় হিসেবে উল্লেখ করে দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে সাক্ষরতা কর্মসূচীকে অবিলম্বে একটি পূর্ণাঙ্গ জাতীয় আন্দোলনে রূপ দেয়ার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন কলেজের অধ্যাপক নাজমুল হক খান, অধ্যাপক আবদুর রহমান, অধ্যাপক আবদুর রব, অধ্যাপক আবুল কাসেম, অধ্যাপক আশরাফ চৌধুরী, কলেজের ছাত্র মঈনুল কাদের, সমির দাস. সরুপ ঘোষ, মোহন লাল, মজিবুর রহমানপ্রমুখ।

এডাব ও জাতিসংঘ তথ্য কেন্দ্র–এর যৌথ উদ্যোগে 'আন্তর্জাতিক সাক্ষর দিবস' উপলক্ষ্যে জাতিসংঘ তথ্য কেন্দ্রের মিলনায়তনে গতকাল বিকেলে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম। উক্ত আলোচনা সভায় বক্তব্য রাখেন ইউএনডিপি–এর উপ আবাসিক প্রতিনিধি উলফ গ্যাং ফিশার এবং মূল প্রবন্ধ পাঠ করেন এফআইভিডিবি–কর্মী মুহাম্মদ তাহের। এডাব পরিচালক ডঃ কে এম হুদা এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

সার্বজনীন শিক্ষার উপর গুরুত্ব আরোপ করে শিক্ষামন্ত্রী জনাব শহীদুল ইসলাম বলেন. প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার জন্য শীঘ্রই একটি আইন প্রণয়ন করা হচ্ছে। তিনি বলেন–এনজিও এবং সরকারকে এক সাথে কাজ করতে হবে, যাতে করে শিক্ষার আলো সবার দ্বারে দ্বারে পৌছুতে পারে।

তিনি জানান, আগামী চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রাথমিক শিক্ষার উপর গুরুত্ব দিয়ে 'জেনারেল এডুকেশন প্রজেক্ট' নেয়া হবে যাতে করে সবাই অক্ষর জ্ঞান লাভ করতে পারে।

ইন্টারন্যাশনাল পেনপলস্ ক্লাবের সভাপতি মাহবুব উদ্দিন চৌধুরী এক বিবৃতিতে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে দেশের যুবসমাজ বিশেষতঃ ক্লাবের প্রতিটি জেলা শাখাকে স্ব-স্ব জেলায় নিরক্ষরতা বিরোধী অভিযান ও নিরক্ষরতা দূরীকরণ বিদ্যালয় গড়ে তোলার জন্য আহবানজানিয়েছেন।